

২৪ ডিসেম্বর

এসএসসি ও দাখিল পরীক্ষা ১৬ শিক্ষকসহ বহিষ্কার ২৪৯

৫ম দিনে অনুপস্থিত ৩২৫৩ পরীক্ষার্থী
ইনকিলাব রিপোর্ট

এসএসসি ও দাখিল পরীক্ষায় গতকাল (শুক্রবার) অসদুপায় অবলম্বন করার দায়ে সারাদেশে ১৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এছাড়া অসদুপায় অবলম্বনে সহযোগিতা করার ১৬ শিক্ষককে বহিষ্কার করা হয়। পরীক্ষার পঞ্চম দিনে সারাদেশে ৩ হাজার ২৫৩ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। দু-একটি অঘটন ছাড়া সারাদেশে শান্তিপূর্ণ পরিবেশে গতকালের পরীক্ষা সম্পন্ন হয়েছে। এদ্বারা ৫-এর পৃঃ ৩-এর কাঃ দেখুন।

এসএসসি ও দাখিল পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পূঃ
এসএসসি ও দাখিল পরীক্ষায় গতকাল পর্যন্ত ৭২০ জন পরীক্ষার্থী এবং ৪৪ জন শিক্ষক বহিষ্কার হয়েছে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার পঞ্চম দিনে গতকাল গণিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। সাতটি বোর্ডে অসদুপায় অবলম্বনের দায়ে ৮৩ জন শিক্ষার্থী বহিষ্কার হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের কেন্দ্রীয় নিয়ন্ত্রণ রুত এবং প্রতিনিউনিত পঠানো তথা থেকে জানা যায়, এসএসসি পরীক্ষার পঞ্চম দিনে সাত বোর্ডের মধ্যে ঢাকা বোর্ডে ১২ জন, বামশাহী বোর্ডে ২৮ জন, কুমিল্লা বোর্ডে ১০ জন, সিরিশা বোর্ডে ১১ জন, যশোর বোর্ডে ১২ জন, সিলেট বোর্ডে ২ জন পরীক্ষার্থী বহিষ্কার হয়। অসদুপায় অবলম্বনে সহযোগিতার দায়ে ৩ শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। গতকালের পরীক্ষায় ঢাকা বোর্ডে ৫৫৫ জন, কুমিল্লা বোর্ডে ১৭৬ জন, যশোর বোর্ডে ৩৪৭ জন, বামশাহী বোর্ডে ১৭১ জন, চট্টগ্রামে ১৬৬ জন, সিলেট বোর্ডে ১২২ জন, সিরিশা বোর্ডে ১৯৫ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে দাখিল পরীক্ষায় কাল গণিত পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। মাদ্রাসা বোর্ডের নিয়ন্ত্রণ রুত ১০০ জন পরীক্ষার্থীর বহিষ্কারের ব্যবস্থা নিয়েছে। অসদুপায় অবলম্বনে সহযোগিতার দায়ে সারাদেশে ১০ শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। এছাড়া গতকালের পরীক্ষায় ৯১৮ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। করিগরি শিক্ষা বোর্ডের এসএসসি কেন্দ্রশালার পরীক্ষার পঞ্চম দিনে অসদুপায় অবলম্বনের দায়ে ৫০ জন পরীক্ষার্থী বহিষ্কার হয়। এছাড়া অনুপস্থিত ছিল ৬০১ জন পরীক্ষার্থী।